

স্মারক নং: ০৫.৪৪.৪১০০.০২০.০৪.০০৯.১৯- ১১

তারিখ: ০৫ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ


বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সর্বসাধারণের অবগতির জন্য উল্লেখ করা যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ৩০ মে ২০১৯ তারিখের ৫৬.০৪.০০০০.০১০.২০.০০২.১৮.১০৪২ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহায়তায় ও জেলা প্রশাসন, যশোর এর তত্ত্বাবধানে জেলা পর্যায়ে ২০ (বিশ) জন প্রশিক্ষণার্থীর সমন্বয়ে আগামী ০৯ নভেম্বর ২০১৯ তারিখ থেকে ১৫ (পনের) দিনব্যাপী আউটসোর্সিং প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নোক্ত শর্তাধীনে প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ১। শিক্ষাগত যোগ্যতাঃ সর্বনিম্ন এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- ২। বেসিক আইসিটি, ইন্টারনেট ব্রাউজিং দক্ষতা এবং ফটোশপের দক্ষতাকে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।
- ৩। ফ্রিল্যান্সিংকে পেশা হিসেবে গ্রহণে ইচ্ছুক এমন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ৪। She Power Project এর কোন প্রশিক্ষণার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- ৬। প্রশিক্ষণার্থীর অবশ্যই ল্যাপটপ, মাল্টিপ্লাগ, মডেম ইত্যাদি থাকতে হবে।
- ৭। প্রশিক্ষণার্থীকে দৈনিক ৩০০/- টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- ৯। প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে।
- ১০। দূরবর্তী প্রশিক্ষণার্থীদের নিজ ব্যবস্থাপনায় থাকা-খাওয়ার ব্যবস্থা করতে হবে।
- ১২। আবেদনকারীকে জেলা প্রশাসন যশোর এর ওয়েবসাইট (www.jessore.gov.bd) হতে নির্ধারিত ফরম ডাউনলোড করে কম্পিউটার কম্পোজ/হাতে লিখে স্বাক্ষরসহ সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ রঞ্জিন ছবি (ছবির পেছনে নামসহ), শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং স্থানীয় চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের কপি সংযুক্ত করে আগামী ৩০/১০/২০১৯ খ্রি তারিখে বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসক, যশোর বরাবর এ জেলা প্রশাসকের কার্যালয়, যশোর, রুম নং-১১৯ এ ডাকযোগে/হাতে হাতে প্রেরণ করতে হবে।
- ১৪। মৌখিক পরীক্ষা আগামী ০৫/১১/২০১৯ খ্রি. এবং ০৬/১১/২০১৯ খ্রি. তারিখ সকাল ১০.০০ টায় জেলা প্রশাসকের কার্যালয়, যশোর এ অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


অনিদিতা রায়

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) যশোর
ফোনঃ ০৪২১৬৪৫২২ (অফিস)
ই-মেইলঃ adceduictjessore@mopa.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
- ২। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..... যশোর; তাঁর উপজেলায় বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হল
- ৪। সহকারী কমিশনার (আইসিটি)
- ৫। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, যশোর (জেলা প্রশাসক, যশোর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। সহকারী প্রোগ্রামার (সকল)..... যশোর; তাঁর কার্যালয়ের ওয়েব পোর্টালে আপলোড ও ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হল
- ৭। সভাপতি/সম্পাদক..... যশোর; (বর্ণিত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় বিনামূল্যে ছাপানো/প্রচার এবং ০৩ (তিন) কপি এ কার্যালয়ে কর্মরত প্রোগ্রামার এর নিকট প্রেরণের অনুরোধসহ)
- ৮। অফিস কপি।